



জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনার আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

আহ্বায়ক : মোঃ হাকিবুর রহমান
উপজেলা মৎস্য কর্মকর্তা
পীরগাছা, রংপুর।
সভার স্থান : উপজেলা মৎস্য দপ্তর, পীরগাছা, রংপুর এর অফিস কক্ষ।
তারিখ ও সময় : ১২/০৯/২০২১ খ্রি., সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো:

সভার শুরুতে সভাপতি মহোদয় সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর অত্র দপ্তরের সম্প্রসারণ কর্মকর্তাকে সভার আলোচ্য বিষয়ে উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে তিনি সভায় সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন।

আলোচনা:

তিনি জানান যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২১-২২ এর কার্যক্রম ১.৩ অনুযায়ী মৎস্য অধিদপ্তরের অভ্যন্তরীণ/ দাপ্তরিক/ নাগরিক সেবা গ্রহণকারী / প্রদানকারী যে কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান (সরকারী/বেসরকারী) সুশীল সমাজের প্রতিনিধি (দপ্তর/ সংস্থার কাজের সাথে সংশ্লিষ্ট) অংশীজন হিসেবে মতামত গ্রহণের জন্য ৪ টি সভা আয়োজনের বিধান রয়েছে। সে আলোকে অদ্য ১২/০৯/২০২১ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ১ম ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি কোভিড পরিস্থিতিতে মৎস্য রেণু, পেনা, মৎস্য খাদ্য ও উৎপাদিত মৎস্য বাজারজাতকরণের সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তা ও অংশীজন কি কি সমস্যার সম্মুখীন হচ্ছেন এবং কি উপায়ে এ সমস্যার সমাধান করা যায় সে বিষয়ে সভায় উপস্থিত সম্মানিত প্রতিনিধিগণকে তাদের সুচিন্তিত মূল্যবান মতামত ও পরামর্শ প্রদান করতে আহ্বান জানান।

আলোচনায় প্রদত্ত মতামত ও পরামর্শের ভিত্তিতে গৃহীত সিদ্ধান্ত:

- ১। বর্তমান কোভিড পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে মৎস্য ও মৎস্যজাত দ্রব্য বাজারজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ২। করোনাকালীন সময়ে সেবা সহজীকরণের লক্ষ্যে মোবাইল মার্কেটিং এর মাধ্যমে মৎস্য ও মৎস্যজাত দ্রব্য চাষির দোড়গোড়ায় পৌঁছানোর ব্যবস্থা করতে হবে।
- ৩। সংশ্লিষ্ট অ্যাক্স ও অন্যান্য কার্যক্রমের ভিডিও এর মাধ্যমে মৎস্য উদ্যোক্তাদের সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

সভায় আরে কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মোঃ হাকিবুর রহমান
সভাপতি

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের
অংশগ্রহণ কমিটি

ও

উপজেলা মৎস্য কর্মকর্তা
পীরগাছা, রংপুর।